

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১৪.২০১৭- ৬৪০

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (সিভিল) বেগম আয়েশা সিদ্দিকা বিগত ১৭/১২/২০১১ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযুক্ত শিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেননি। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটি সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী ধারাবাহিক কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় বেগম আয়েশা সিদ্দিকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন তাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ বিগত ১৬/০৭/২০১৮ খ্রি. তারিখ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তাছাড়া দেওয়ানি কার্যবিধি ১৯০৮ এর আদেশ ৫ এর বিধি ১ হতে ৩০ অনুসরণক্রমে গত ১৪/০৯/২০১৮ খ্রি. তারিখে 'দৈনিক প্রথম আলো' ও ১৩/০৯/২০১৮ খ্রি. তারিখে 'The Daily Star' পত্রিকায় এবং ০৯/০৯/২০১৮ খ্রি. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

০৩। এ পর্যায়ে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী চাকরি থেকে 'বরখাস্ত' বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ গ্রহণ করা হয়। কর্ম কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী অভিযুক্ত বেগম আয়েশা সিদ্দিকাকে চাকরি থেকে 'বরখাস্ত' করার বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

০৪। বেগম আয়েশা সিদ্দিকা এর পদটি [ইনস্ট্রাক্টর (সিভিল)] ৯ম গ্রেডের বিসিএস (কারিগরি শিক্ষা) ক্যাডারভুক্ত পদ বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রদত্ত শাস্তির বিষয়ে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ বিবেচনা ও সদয় সিদ্ধান্তের জন্য পেশ করা হয়। মহামান্য রাষ্ট্রপতি রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (সিভিল) বেগম আয়েশা সিদ্দিকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী ১৭/১২/২০১১ খ্রি. তারিখ হতে চাকরি থেকে 'বরখাস্ত' করার অনুমতি প্রদান করেন।

০৫। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (সিভিল) বেগম আয়েশা সিদ্দিকা কে ১৭/১২/২০১১ খ্রি. তারিখ হতে চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ আলমগীর)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।


(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১৪.২০১৭-

তারিখঃ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(বেগম আয়েশা সিদ্দিকা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- (৫) অধ্যক্ষ, রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।
- (৬) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৭) বেগম আয়েশা সিদ্দিকা, ইনস্ট্রাক্টর (সিভিল), রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের।


24/05/2019

(মোঃ আবদুর রহমান)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬